



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.dls.gov.bd

নথি নং-৩৩.০১.০০০০.১১০.৫৩.০০১.১৮- ৪৫৩

তারিখ: ১৪/০৬/২০২০ খ্রী:।

কাজী বলঝালি ফার্মস লি:  
(খামার: প্রধানগাচ, তেতুলিয়া পঞ্চগড়)।

বিষয় : ১ (এক) দিন বয়সী গ্র্যান্ড প্যারেন্টস্টক (জিপি) মুরগীর বাচ্চা আমদানীর অনুমতি প্রদান প্রসঙ্গে।  
সূত্র : ১। কাজী বলঝালি ফার্মস লি: এর ০৮/০৬/২০২০ খ্রী: তারিখের আবেদন পত্র।


সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে USA হতে ০১(এক) দিন বয়সী Indian River Broiler Grand Parent stock জাতের ১১,২৯৫ (এগার হাজার দুইশত পচাত্তর) টি মুরগীর বাচ্চা (পিআই নং-২০২০০০১৬) নিম্নে বর্ণিত শর্তে আগামী ১১/০৯/২০২০ খ্রী: তারিখের মধ্যে আমদানী করার জন্য অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ :

১. অনুমোদিত সকল গ্র্যান্ড প্যারেন্টস্টক (জিপি) মুরগীর বাচ্চা “সংক্রামক রোগমুক্ত” এমর্মে রপ্তানীকারক দেশের দায়িত্বশূণ্ড ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়নকরতঃ প্রত্যয়ন পত্র আমদানীর সময় সঙ্গে প্রদান করতে হবে।
২. বাচ্চা দেশে পৌঁছার পর নিজদায়িত্বে ন্যূনতম ৩(তিন) কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন সময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
৩. বাচ্চা দেশে পৌঁছার পর-পরই কমপক্ষে ৩(তিন) টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, বাংলাদেশ, ঢাকার মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরধীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-তে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
৪. অনুমোদিত সকল গ্র্যান্ড প্যারেন্টস্টক (জিপি) বিমানযোগে আমদানী করতে হবে এবং এআমদানীর মেয়াদ আগামী ১১/০৯/২০২০ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
৫. বাচ্চা আমদানীর পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসে-মাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
৬. বাচ্চা আমদানীর পর রপ্তানীকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদপত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
৭. রপ্তানীকারক দেশে/সংশ্লিষ্ট State/City-তে Notifiable AI দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং এ আদেশ অমান্য করে বাচ্চা আমদানী করলে সকল দায়-দায়িত্ব আমদানীকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
৮. কর্তৃপক্ষ জনস্বার্থে যে কোন সময় এ আদেশ বাতিল বা হ্রাস করতে পারবেন।
৯. সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
১০. মুরগীর বাচ্চা দেশে পৌঁছার পূর্বে কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা-কে অবহিত করতে হবে।



(ডাঃ পল্লব কুমার দত্ত)  
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)  
পক্ষে-মহাপরিচালক  
প্রাণিসম্পদ অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।  
+৮৮-০২-৯১১৫৯৩৬  
ই-মেইল: adtraining.dls@gmail.com



জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ২। উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর।
- ৩। পি,এস,ও, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা। রোগ নির্ণয় প্রতিবেদনের এককপি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড়। হ্যাচারী পরিদর্শনপূর্বক কোয়ারেন্টাইন সময়ের মনিটরিং প্রতিবেদন এবং প্রতি মাসে-মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৫। কোয়ারেন্টাইন অফিসার, কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা। কমপক্ষে ৩ (তিন) টি বাচ্চা সিডিআইএল, ৪৮-কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-তে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। আইসিটি কর্মকর্তা, আইসিটি শাখা, ডিএলএস (ডিএলএস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। অফিস কপি।

অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব মহোদয়ের একান্তসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।